



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

E-Mail: cmu1424@gmail.com, Website- www.cmu.edu.bd

৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ

তারিখঃ -----  
১৩ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ গবেষণার জন্য প্রটোকল জমা দেওয়া প্রসঙ্গে।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের গবেষণা ব্যবস্থাপনা এডহক কমিটির অনুষ্ঠিত ০৪.০৩.২০২৫ ইং তারিখের ২য় সভার সিদ্ধান্ত মোতাবেক হেলথ প্রফেশনাল এডুকেশন, হেলথ কেয়ার সিস্টেম ও ক্লিনিক্যাল হেলথ কেয়ার সম্পর্কিত উপযুক্ত বিষয়ে গবেষণার জন্য গ্র্যান্ট দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে। আপনার কলেজের আগ্রহী গবেষককে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সংযুক্ত Proforma অনুযায়ী বাজেটসহ Study Proposal Concept (Project Concept) (Title of the Research Project, Objective of the research, Rationale of the research project, Summary, Brief Methodology) 150 word এর মধ্যে নিম্নোক্ত শর্তসাপেক্ষে গবেষণা পত্রের প্রটোকল আগামী ২৬-০৫-২০২৫ ইং তারিখের মধ্যে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

শর্তসমূহ:

- ১। চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট Proforma অনুযায়ী গবেষণা প্রটোকল জমা দিতে হবে।
- ২। Research Protocol এ Institutional Review Board/ Ethical Review Committee এর Clearance থাকতে হবে। (বিশ্ববিদ্যালয় থেকে সরাসরি IRB সনদ গ্রহণ বাবদ ৫০০০/- টাকা মূল্যের পে অর্ডার করতে হবে, তবে যে সকল গবেষক নিজস্ব শিক্ষা প্রতিষ্ঠান থেকে IRB সনদসহ প্রটোকল জমা দিবেন তারা প্রেসিগি ফি বাবদ ২৫০০/- টাকা মূল্যের পে অর্ডার করতে হবে)
- ৩। গবেষণার বাজেট ০৩ (তিন) লক্ষ টাকার বেশি হতে পারবে না।
- ৪। Inform Consent বাংলা এবং ইংরেজীতে দিতে হবে।
- ৫। কমপক্ষে ১০টি থেকে ৩০ টি রেফারেন্স থাকতে হবে।
- ৬। গবেষণার মেয়াদকাল ০১ (এক) বছরের বেশি হতে পারবে না।
- ৭। জাতীয় পর্যায়ে বা কোন ইনস্টিটিউটে চলমান বিষয়ের উপর প্রটোকল গ্রহণ করা হবে না।
- ৮। গবেষণার ক্ষেত্রে কোন খাতে কত খরচ হয়েছে বিস্তারিত হিসাবের বিবরণ ডাউচারসহ দিতে হবে।
- ৯। থিসিস/ডিসারটেশন কোনভাবে গবেষণা প্রটোকল হিসেবে গ্রহণ করা হবে না।
- ১০। এমডি/এফসিপিএস শিক্ষার্থীরা প্রধান গবেষক (Principal Investigator) হতে পারবে না।
- ১১। যে কোন গবেষক একটি মাত্র গবেষণা কর্মে প্রধান গবেষক হিসেবে নিয়োজিত থাকতে পারবেন।
- ১২। Research Protocol এ Declaration থাকতে হবে যে Research Protocol বাজেটসহ উপস্থাপন করার পর তা চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সম্পদ হিসেবে গণ্য হবে এবং চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অনুমতি ব্যতীত কোন জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে প্রকাশ করা যাবে না।
- ১৩। গবেষণা কর্ম সম্পন্ন হওয়ার পর উক্ত গবেষণা কর্মের ০৩ কপি বাঁধাই করে ও সফট কপি আর্টিকেল ফরম্যাটে সিডি করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করতে হবে।
- ১৪। চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের গবেষণা নীতিমালা ২০২২ এর ৬.৬ ধারা অনুযায়ী গবেষণা প্রকল্পের জন্য বরাদ্দকৃত অর্থ সরকারের সিভিল অডিট অধিদপ্তর কর্তৃক নিরীক্ষিত হবে বিধায় এই অর্থ ব্যয়ে অব্যাহত সংশ্লিষ্ট আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে। (গবেষণা নীতিমালা ২০২২ চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে)
- ১৫। বিশ্ববিদ্যালয় হইতে পরপর ০২ বার Principal Investigator হিসাবে গবেষণা অনুদান পেয়েছেন, তাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ১৬। গবেষকগণ এককভাবে অথবা যৌথভাবে গবেষণা প্রস্তাব কর্মরত প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে দাখিল করবেন।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

ডা. হাসিনা নাসরীন  
রেজিস্ট্রার (ডারপ্রাণ্ড)

চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়

৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ

তারিখঃ -----

১৩ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

বিতরণ:

অধ্যক্ষ

চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সকল প্রতিষ্ঠান

স্মারক নং- চমেবি/রেজি/গবে/২০২৫/ ১৩০ ৩

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। গবেষণা ব্যবস্থাপনা এডহক কমিটির সকল সদস্য
- ২। পিএস টু ভিসি, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের অবগতির জন্য)
- ৩। সহকারী পরিচালক, অর্থ ও হিসাব, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়
- ৪। অফিস কপি।

ডা. মাহিদ বিন আমীন

সহকারী রেজিস্ট্রার ও সদস্য সচিব  
গবেষণা ব্যবস্থাপনা এডহক কমিটি  
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়